



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর শুদ্ধাচার কমিটির ২য় সভার কার্যবিবরণী

তারিখ : ২৯ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ ; ১৩ সেপ্টেম্বর ২০২১ খৃস্টাব্দ।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২য় সভা ১৩.০৯.২০২১ তারিখ দুপুর ১২.০০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং সভাপতি, শুদ্ধাচার কমিটির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ২। প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, ডিন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৪। জনাব এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৫। জনাব মোঃ আবুল কাসেম শিখদার. পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৬। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার আলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।


আলোচনা ও সিদ্ধান্ত :


সভার শুরুতে শুদ্ধাচার কমিটির কার্যপরিধিসমূহ সকলকে অবহিত করা হয় বাউবিতে শুদ্ধাচার কমিটির কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে এ বিষয়ে পরবর্তী পদক্ষেপে গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বাউবির সকল ডিন, পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধান, সকল স্কুল, বিভাগ ও শাখা হতে মনোনীত এপিএর প্রতিনিধিদের অংশগ্রহণে ২২.০৯.২০২১ তারিখ সকাল ১০.০০টায় একটি মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। উক্ত সভায় সকল আঞ্চলিক পরিচালক ভারুয়ালী (জুমের মাধ্যমে) যুক্ত থাকবেন-মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২) উক্ত মতবিনিময় সভার আলোচ্যসূচী হিসেবে শুদ্ধাচার সম্পর্কে অবহিতকরণ, সকল স্কুল ও বিভাগকে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে টার্গেট নির্ধারণ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনা গ্রহণের বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভার নোটিশ জারির জন্য শুদ্ধাচার কমিটির সদস্য- সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।

- (৩) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে মতবিনিময় সভার অংশগ্রহণকারী, আলোচনার বিষয়বস্তু, অনুষ্ঠানসূচি, Banner, ভেন্যু, এবং ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাতে বিভিন্নদিক বিবেচনায় নিয়ে উক্ত মতবিনিময় সভার আলোচ্যসূচী (সংযোজনী-১) এবং Banner (সংযোজনী-২) চূড়ান্ত করা হয় এবং উক্ত সভাটিকে সাফল্যমন্ডিত করার বিষয়ে সর্ব প্রকার সহযোগিতা করার বিষয়ে সকল সদস্য অঙ্গীকার ব্যক্ত করেন।
- (৪) আগামী ২২.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিতব্য মতবিনিময় সভা এবং ২৮.৯.২০২১ তারিখে অনুষ্ঠিতব্য কর্মশালাটি করার পর একটি কমিটির সদস্যদের সমন্বয়ে পর্যালোচনামূলক সভা আয়োজনের জন্য সদস্য-সচিবকে ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৩/৯/২০২১  
নাজমীন আখতার  
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)  
ও  
সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

  
অধ্যাপক মোস্তফা আজাদ কামাল  
ড্রেজারার  
এবং  
সভাপতি, শুদ্ধাচার কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়